গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০২.২৩.৩১ তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৮ জুন ২০২৬

বিষয়: **মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।**
সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ০৪ জুন ২০২৬ তারিখের ৫৭.০০.০০০০.০০০.০৪২.১৬.০০৩.২৪.৬২ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব-এঁর সভাপতিত্বে গত ০২ এপ্রিল ২০২৬ তারিখ বৃহস্পতিবার ধর্ষণ প্রতিরোধে সমন্বিত ব্যবস্থা গ্রহণে মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন **অদ্যই বিকাল ০৩:০০ টার** মধ্যে এ দপ্তরের (সফটকপি Nikosh Font এবং হার্ডকপি PDF) dte.ad2@gmail.com ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমের অনুরোধ করা হলো।

২. উল্লেখ্য যে, বর্ণিত বিষয়ে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণে ব্যর্থ হলে তার জবাব দিহিতার জন্য উক্ত প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবে।

**সংযুক্তি:**মন্ত্রিসভা-বৈঠকে গৃহিত সিদ্ধান্ত.pdf

**সংযুক্তিঃ**
(১) মন্ত্রিসভা-বৈঠকে গৃহিত সিদ্ধান্ত

০৮-০৬-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। পরিচালক (সকল), ---------------- আঞ্চলিক পরিচালকের কার্যালয়, --------------।
২। অধ্যক্ষ (সকল), ------------- ইঞ্জিনিয়ারিং কলেজ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, সরকারি সার্ভে ইনস্টিটিউট, সরকারি গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ সরকারি ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস, ----------------।
৩। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৪। অধ্যক্ষ (সকল), ---------------- সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, -----------------।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০২.২৩.৩১/১ (৮) তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৮ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। উপসচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮। সংরক্ষণ নথি, শাখা-২, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

০৮-০৬-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নং ৫৭.০০.০০০০.০০০.০৪২.১৬.০০৩.২৪.৬২ তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ৪ জুন ২০২৬

**বিষয়: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং: ৪৪.০০.০০০০.০৭৫.১৬.০০২(১).২০২০.১৫০; তারিখ: ২৮.০৪.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব—এঁর সভাপতিত্বে গত ০২ এপ্রিল ২০২৬ তারিখ বৃহস্পতিবার ধর্ষণ প্রতিরোধে সমন্বিত ব্যবস্থা গ্রহণে মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ বিভাগ সংশ্লিষ্ট নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

"ক্রমিক নং ১.(৫) শিক্ষা প্রতিষ্ঠানের সিলেবাস উল্লিখিত বিষয়টি অর্ন্তভুক্ত করতে হবে;
ক্রমিক নং ২.(৪) শিক্ষা প্রতিষ্ঠান, হাট-বাজার, বিপণিবিতানসহ জনসমাগম স্থানে সচেতনতা কার্যক্রম চালাতে হবে";

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তসমূহের হালনাগাদ বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ জুন ২০২৬ তারিখের মধ্যে নিকস্ ফন্টে (sascordinet@tmed.gov.bd) ই-মেইলযোগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র।

০৪.০৬.২০২৬
ড. মো: মনিরুল ইসলাম
উপসচিব
০২-৫৫১০১৩৪৮
sascordinet@tmed.gov.bd

**বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলি রোড, ঢাকা;
৩। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া;
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা;
৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর।

স্মারক নং ৫৭.০০.০০০০.০০০.০৪২.১৬.০০৩.২৪.৬২./ ১(৩) তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ৪ জুন ২০২৬

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :**
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ [দৃ: আ: উপসচিব (রাজনৈতিক শাখা-২)], ঢাকা;
২। সচিবের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
৩। অফিস কপি।

০৪.০৬.২০২৬
ড. মো: মনিরুল ইসলাম
উপসচিব

২০৫

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক শাখা-২
www.moha.gov.bd

স্মারক নম্বর :৪৪.০০.০০০০.০৭৫.১৬.০০২(১).২০২০- ১৫০

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩ / ২৮ এপ্রিল ২০২৬

বিষয়: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০৭৫.৯৯.০০০১.২০২৫-১৪৫, তারিখ: ১৯ এপ্রিল ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে গত ০২.০৪.২০২৬ তারিখ জনাব মনজুর মোর্শেদ চৌধুরী, সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এঁর সভাপতিত্বে ধর্ষণ প্রতিরোধে সমন্বিত ব্যবস্থা গ্রহণের বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নম্বর | নির্দেশনা | সমন্বিত কর্মপরিকল্পনা | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ধর্ষণ প্রতিরোধ | ১. ধর্ষণ প্রতিরোধে ভিকটিম ও সাক্ষীদের সুরক্ষা ও ন্যায়বিচার নিশ্চিতকল্পে শক্তিশালী আইন প্রণয়ন ও সময়োপযোগী সংশোধন করা যেতে পারে; | ১. আইন ও বিচার বিভাগ<br>৩. স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| | | ২. আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, আদালত ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় বৃদ্ধি করতে হবে; | ১. আইন ও বিচার বিভাগ<br>২. পুলিশ অধিদপ্তর |
| | | ৩. ধর্ষণ ও সহিংসতার শিকার ব্যক্তি ও সাক্ষীদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে হবে; | পুলিশ অধিদপ্তর |
| | | ৪. প্রয়োজনীয় চিকিৎসা, আইনি সহায়তা ও মানসিক সাপোর্ট প্রদান করতে হবে; | ১. স্বাস্থ্য সেবা বিভাগ<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৩. পুলিশ অধিদপ্তর |
| | | ৫. শিক্ষা প্রতিষ্ঠানের সিলেবাসে উল্লিখিত বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে; | ১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৩. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| | | ৬. স্থানীয় প্রতিনিধি ও গ্রাম পুলিশ ও কমিউনিটি পুলিশকে সম্পৃক্ত করে প্রতিরোধমূলক ব্যবস্থা জোরদার করতে হবে। | ১. স্থানীয় সরকার বিভাগ<br>২. পুলিশ অধিদপ্তর |
| ২ | দ্রুততম সময়ের মধ্যে তদন্ত সম্পন্নকরণ | ১. মামলা পরিচালনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে; | ১. আইন ও বিচার বিভাগ<br>২. পুলিশ অধিদপ্তর |
| | | ২. নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করতে হবে; | পুলিশ অধিদপ্তর |
| | | ৩. মামলার প্রক্রিয়া যথাযথ নিয়মতান্ত্রিক ও নিরপেক্ষ করতে হবে; | ১. আইন ও বিচার বিভাগ<br>২. পুলিশ অধিদপ্তর |
| | | ৪. বিশেষায়িত তদন্ত ইউনিট গঠন করতে হবে। | পুলিশ অধিদপ্তর |

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নম্বর ২৬৭ তাং 29 APR 2026

যুগ্মসচিব (প্রশাসন-৩) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ডকেট নং: ৬১
তারিখ: ০২/০৫/২৬
উপসচিব/সি:সহ:সচিব (প্রশাসন)
উপসচিব/সি:সহ:সচিব (সংসদ)
সি: এনালিস্ট/প্রোগ্রামার (আইসিটি)
ব্যক্তিগত কর্মকর্তা
অন্যান্য

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর
ডাইরী নং- ২০৩৩
তারিখ 03 MAY 2026
যুগ্মসচিব (প্রশা: অধি:-১)
যুগ্মসচিব (প্রশা: অধি:-২)
যুগ্মসচিব (প্রশা: অধি:-৩)
স্বাক্ষর

যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-২) এর দপ্তর
ডকেট নং ২০৭ তারিখ ০৫/০৫/২৬
উপসচিব/সি:সহ:সচিব (কারিগরি-০১)
উপসচিব/সি:সহ:সচিব (কারিগরি-০২)
উপসচিব/সি:সহ:সচিব (কারিগরি-০৩)
উপসচিব/সি:সহ:সচিব (কারিগরি-০৪)
ব্যক্তিগত কর্মকর্তা
যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-২)

Anisul Islam (15013)
Joint Secretary
Technical and Madrasah Education Division
Ministry of Education
Govt. of the People's Republic of Bangladesh

৯৩

| | | | |
|---|---|---|---|
| ৩. | দ্রুততম সময়ের মধ্যে বিচার নিশ্চিতকরণ | ১. বিদ্যমান আইন প্রয়োজনীয় সংশোধন/সংস্কার করতে হবে;<br>২. আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে। | ১. আইন ও বিচার বিভাগ<br>২. পুলিশ অধিদপ্তর |
| | | ৩. বিচার প্রক্রিয়া সহজীকরণ করতে হবে; | ১. আইন ও বিচার বিভাগ |
| | | ৪. অপরাধীর যথাযথ শাস্তি নিশ্চিতকরণ করতে হবে; | ১. আইন ও বিচার বিভাগ |
| | | ৫. বিশেষ আদালত স্থাপন ও প্রয়োজনীয় জনবল নিয়োগ/পদায়ন করতে হবে। | ১. আইন ও বিচার বিভাগ |
| ৪. | জনসচেতনতা বৃদ্ধি | ১. ধর্ষণ প্রতিরোধে আইন-কানুন সম্পর্কে ব্যাপক প্রচার বৃদ্ধি করতে হবে; | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| | | ২. সচেতনতামূলক লিফলেট, ক্ষুদ্র নাটিকা, বিজ্ঞাপন ইত্যাদি প্রচার করতে হবে; | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| | | ৩. শিক্ষা প্রতিষ্ঠান, হাট-বাজার, বিপণিবিতানসহ জনসমাগম স্থানে সচেতনতা কার্যক্রম চালাতে হবে; | ১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৩. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>৪. স্থানীয় সরকার বিভাগ |
| | | ৪. নারী সমাবেশ ও পুলিশ কমিউনিটি কার্যক্রমের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করতে হবে; | ১. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>২. স্থানীয় সরকার বিভাগ |
| | | ৫. সাংস্কৃতিক কর্মকাণ্ড ও গণমাধ্যমের মাধ্যমে সচেতনতা বাড়াতে হবে; | ১. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>২. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| | | ৬. ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনের মাধ্যমে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করতে হবে; | স্থানীয় সরকার বিভাগ |
| **১০.** | সভায় উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি নিয়ে প্রতি ০৩ (তিন) মাস অন্তর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সভা আয়োজনের সর্বসম্মত সিদ্ধান্ত হয়। এ লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ফোকাল পার্সন নির্ধারণ করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | | |

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ প্রতিবেদন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তরসমূহের ফোকাল পার্সন নির্ধারণপূর্বক আগামী ২৫ জুন ২০২৬ তারিখের মধ্যে ই-মেইলযোগে (mohapol2@gmail.com) সফটকপি এবং হার্ডকপি সরাসরি রাজনৈতিক-২ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮.৪.২৫

কে.এম.ইয়াসির আরাফাত
উপসচিব
ফোন: ২২২৩৩৩৫৪৫২৩
ইমেইল:mohapol2@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/আইন ও বিচার বিভাগ/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/স্থানীয় সরকার বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা

০২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা

০৩। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, এসবি, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব এঁর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৪। অতিরিক্ত সচিব (রাজনৈতিক) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৫। যুগ্মসচিব (রাজনৈতিক-২) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা এবং
০৬। অফিস কপি/মাস্টার কপি

২৮.৪.২৫

কে.এম.ইয়াসির আরাফাত
উপসচিব